

কোর্ট/প্রধান কার্যালয়/২৮ সেপ্টেম্বর ২০১৪ইং

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সকল সহকর্মী।  
হতে : উপ পরিচালক-এফসি এন্ড সিএ  
বিষয় : জাল টাকার নোট চেনার বিষয়ে করণীয় বিষয়াবলী প্রসঙ্গে।


প্রিয় সহকর্মীবৃন্দ,

সম্প্রতি ব্যাংক থেকে টাকা উত্তলন এবং সমিতি থেকে টাকা আদায় করতে গিয়ে বিভিন্ন সময় জাল টাকার নোট নিয়ে সমস্যার পড়তে হচ্ছে। ব্যবস্থাপনার পক্ষ থেকে জাল টাকার নোট চেনার বিষয়ে কিছু করণীয় দিক নির্দেশনা আপনাদের অবগতির জন্য নিম্নে উপস্থাপন করা হলো।

১. ১০০ (২ ধরনের), ৫০০ (২ ধরনের) এবং ১০০০ (২ ধরনের) টাকার আসল নোট চেনার ব্যাপারে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রচারকৃত নির্দেশনা অত্র পত্রের সাথে সংযুক্ত করে দেয়া হলো।
২. কোন কর্মী ব্যাংক, সমিতি অথবা যে কোন মাধ্যম থেকে নকল টাকার নোট নিয়ে আসলে তার দায়িত্ব তাকেই নিতে হবে। এ ব্যাপারে সংস্থা কোন দায় ভার গ্রহন করবেনা। অর্থাৎ কেউ যদি যে কোন মাধ্যম থেকে জাল টাকার নোট নিয়ে আসে এবং তা যদি অফিসে প্রমানিত হয় তাহলে তাকে জাল টাকার সমপরিমান আসল টাকা অফিসে জমা প্রদান করতে হবে।
৩. প্রত্যেক টিম লিডার এবং আরপিসি-কে আগামী এমসিএম / সেকশনাল সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনার করতে হবে। তাছাড়া সকল শাখা ব্যবস্থাপক তার শাখার সকল কর্মীদেরকে আগামী ৩০/০৯/২০১৪ইং বিকেলে জাল টাকা চেনা উপায়ের উপর (সংযুক্ত ৬টি লিফলেট) কমপক্ষে ১ঘন্টার একটি ওরিয়েন্টেশন দিতে হবে।
৪. সংযুক্ত নির্দেশনার ব্যাপারে কারো কোন অস্পষ্টতা বা জানার কোন বিষয় থাকলে নিম্ন স্বাক্ষরকারী বরাবর যে কোন মাধ্যমে যোগাযোগ করার জন্য বলা হলো।

আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ,



মো: আহসানুল করিম

অনুলিপি: নির্বাহী পরিচালক  
পরিচালক  
অফিস কপি

সংযুক্তি : ১০০, ৫০০ এবং ১০০০ টাকার (প্রত্যেকের ২ ধরনের) আসল নোট চেনার উপায়